

## For B.A./B.Sc./B.Mus. (Hons./Major Candidates only)

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

সঠিক বিকল্প নির্বাচন করো (সব প্রশ্নই আবশ্যিক)।

২×২৫

1. জীববৈচিত্র্য সংরক্ষণ-এর জন্য একটি সুচিন্তিত আইন ভারতবর্ষে যে সালে প্রচলিত হয়েছিল  
(A) ১৯৯৪ (B) ২০০২ (C) ২০০৮।
2. 'স্পোর ব্যাক' একটি বিশেষ সংরক্ষণ পদ্ধতি। এটি একটি  
(A) এক্স-সিটু সংরক্ষণ (B) ইন-সিটু সংরক্ষণ (C) সামাজিক সংরক্ষণ।
3. মিনামাটা রোগের জন্য দায়ী  
(A) আর্সেনিক (B) মিথাইল মার্কারি (C) সিলিকা।
4. নিম্নোক্ত কোনটি বেঠিক?  
(A) স্লিপিং সিকনেস - টাইপেনোসোমা ব্রসি  
(B) ব্ল্যাক ফিভার - লিসমেনিয়া ডোনোভানি  
(C) টাইফয়েড - হিউম্যান প্যাপিলোমা ভাইরাস।
5. কোনটি বেঠিক?  
(A) DDT - ডাইক্লোরো ডাইফিনাইল ট্রাইক্লোরো ইথেন  
(B) PCB - পলিক্লোরিনেটেড বাইকার্বনেট  
(C) POP - পারসিস্টেন্ট অর্গানিক পলিউট্যান্ট।
6. 'গয়টার' হবার জন্য নিম্নোক্ত যে গ্ল্যাভটি সম্পর্কিত—  
(A) থাইরয়েড (B) প্যানক্রিয়াস (C) অ্যাড্রেনাল।
7. ভারতে কৃষিবিপ্লবের সঙ্গে জড়িত বিশেষ ব্যক্তিত্ব হলেন  
(A) গুরু জাম্বেশ্বরজি (B) এম. এস. স্বামীনাথন (C) মেধা পাটকর।
8. জনসংখ্যার বৃদ্ধির বিরূপ প্রভাব পরিবেশের উপর কীভাবে পড়ে তা নিয়ে একটি বই হল  
(A) র্যাচেল কারসনের 'সাইলেন্ট স্প্রিং'  
(B) পল এলরিচের 'দ্য পপুলেশান বম্ব'  
(C) বন্দনা শিবার 'ইকোফেমিনিশম'।

Please Turn Over

9. বসুন্ধরা দিবস পালিত হয়  
(A) ২২ এপ্রিল (B) ৫ জুন (C) ২৮ অক্টোবর।
10. বায়োগ্যাস কোন্টি?  
(A) নাইট্রোজেন (B) কার্বন ডাইঅক্সাইড (C) মিথেন।
11. নিম্নোক্ত শক্তির কোন্ উৎসটি পুনর্নবীকরণযোগ্য নয়?  
(A) ভূ-তাপীয় শক্তি (B) জৈব জ্বালানি (C) জীবাশ্ম জ্বালানি।
12. নিম্নোক্ত কোন্টি সুসংহত পেস্ট নিয়ন্ত্রণ ব্যবস্থাপনায় যুক্ত?  
(A) রাসায়নিক সারের প্রতুলতা ও নিয়ন্ত্রণের অতিক্রম কৌশল  
(B) পরিবেশবান্ধব পদ্ধতি অবলম্বনে সুচিন্তিত দীর্ঘমেয়াদি রূপরেখা  
(C) 'অর্থনৈতিক লাভ' একমাত্র উদ্দেশ্য নিয়ে পেস্ট নিধনে রাসায়নিকের প্রয়োগ।
13. নিম্নলিখিত কোন্ সম্পর্কটি সঠিক?  
(A) স্টকহোম সম্মেলন— ১৯৯০ (B) রামসার সম্মেলন— ১৯৭১ (C) কিয়োটো প্রোটোকল— ১৯৯৮।
14. সঠিক সম্পর্কটি নিরূপণ করো :  
(A) বায়ুদূষণ—জ্ঞানাবার (B) জলদূষণ—ক্যাটালিটিক কনভার্টার (C) মৃত্তিকা দূষণ—সাইক্লোন সেপারেটর।
15. 'আরাবারি মডেল' পশ্চিমবঙ্গে বিখ্যাত হবার কারণ  
(A) জয়েন্ট ফরেস্ট ম্যানেজমেন্ট (B) তাপবিদ্যুৎ প্রকল্প (C) রেনওয়াটার হারভেস্টিং।
16. আন্তর্জাতিক ব্যাঘ্র দিবস পালিত হয়  
(A) ২৯ জুলাই (B) ২ আগস্ট (C) ৯ সেপ্টেম্বর।
17. কেওলাদেও জাতীয় উদ্যান অবস্থিত হল  
(A) রাজস্থানে (B) বিহারে (C) উত্তরাখণ্ডে।
18. একটি প্রজাতি যদি একটি নির্দিষ্ট স্থানে আবদ্ধ থাকে, তাকে বলে  
(A) এক্সোটিক (B) এন্ডেমিক (C) পরিযায়ী।
19. 'গ্লোবাল ওয়ার্মিং'-এর প্রভাব হল  
(A) ঝড়ের সংখ্যা বাড়বে কিন্তু তীব্রতা অত্যন্ত কম হবে  
(B) তাপমাত্রা বৃদ্ধি পাবে ও প্রাকৃতিক দাবানলের ঘটনা বৃদ্ধি পাবে  
(C) সমুদ্রের জলস্তর বৃদ্ধি হবে, সুনামির সম্ভাবনা বৃদ্ধি পাবে এবং অর্থনৈতিক ক্ষতি হ্রাস পাবে।

(B-5)

MUS/Z(2nd Sm.)-Env. Studies-(B.A./B.Sc./  
B.Mus.)-Hons./Major/AECC-2/CBCS

20. নিম্নোক্ত কোন্ 'রামসার সাইট'-টি ম্যানগ্রোভ অঞ্চলভুক্ত নয়?  
(A) ভিতরকণিকা  (B) চিলকা (C) সুন্দরবন।
21. ইকোটোন হল  
(A) একটি বাস্তুতন্ত্রের স্থির জনসংখ্যা  
 (B) দুটি পাশাপাশি ভিন্নধর্মী বাস্তুতন্ত্রের সংযোগস্থল  
(C) জীববৈচিত্র্য পরিপূর্ণ একটি বাস্তুতন্ত্র।
22. বাস্তুতন্ত্রে 'সংখ্যার পিরামিড' কোন্ ক্ষেত্রে ওলটানো নয়?  
 (A) অরণ্যের বাস্তুতন্ত্র (B) পুকুরের বাস্তুতন্ত্র (C) হ্রদের বাস্তুতন্ত্র।
23. ক্রনিক অবস্ট্রাক্টিভ পালমোনারি ডিসঅর্ডারের জন্য দায়ী  
(A) জলদূষণ  (B) বায়ুদূষণ (C) মৃত্তিকা দূষণ।
24. অ্যাক্টিভেটেড স্লাজ পদ্ধতি ব্যবহৃত হয়  
(A) শব্দদূষণ  (B) বর্জ্যজল ব্যবস্থাপনা (C) কঠিন বর্জ্য ব্যবস্থাপনা।
25. ডেঙ্গুর কারণ হল যে প্রজাতির মশা—  
(A) অ্যানোফিলিস  (B) কিউলেক্স (C) এডিস।